Bankura University

BA 5th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: কথাসাহিত্য

Course ID: 50117 Course Code: AHBNG-504-DSE-2

সম্মঃ ২ ঘন্টা পূৰ্ণমানঃ ৪০

(যে-কোনো একটি নির্বাচন করতে হবে।)

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

 $\forall x \& = 0$

- ক) 'ঘরেবাইরে' উপন্যাসে নিথিলেশের মোট কতগুলি আত্মকথা পাও্যা যায় ? নিথিলেশের মাস্টার মশাইয়ের নাম কী ?
- থ) 'ঘরেবাইরে' উপন্যাসের পঞ্চু কার প্রজা ছিল ? পঞ্চুর প্রায়শ্চিত্তের জন্য সমাজ কত টাকা চেয়েছিল ?
- গ) 'শ্রীকান্ত' উপন্যাসটি কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হ্যেছিল? এই সময় উপন্যাসটির নাম কী ছিল?
- ঘ) অন্নদাদিদির স্বামীর নাম কী ? অন্নদাদিদির প্রভাব কোন চরিত্রের উপরে সবচেয়ে বেশি পড়েছে ?
- ঙ) "হালার মাছ ধইর্যা জুত নাই" কে কাকে এ কখা বলেছে ?
- চ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে গোপীকে কার নৌকায় হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল ? কপিলার স্বামীর নাম কী ?
- ছ) 'ধাত্রীদেবতা' উপন্যাসে বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের নাম উল্লেখ পাওয়া যায় ? শিবনাথের পিসিমার নাম কী ?
- জ) 'ধাত্রীদেবতা' উপন্যাসটি কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল ? এই উপন্যাসের পটভূমিতে কোন আন্দোলনের কথা আছে ?
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

of $x \neq 0$

- ক) 'ঘরেবাইরে' উপন্যাসে বিমলার মেজ জা পার্শ্বচরিত্র হয়েও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, এ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- থ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে হোসেন মিঞার গানের তাৎপর্য ব্যাখ্যা করো।
- গ) 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্বে অন্ধদাদিদির যে ঢারিত্রিক বৈশিষ্ট্য লেথক ফুটিয়ে তুলেছেন, সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) "স্বাধীন জীবনের জন্যে যদি কিছু কষ্ট স্বীকার করতেই হয়, সে করতে হবে।"—রামরতন বাবুর এই উক্তি শিবনাথকে কিভাবে প্রভাবিত করেছিল ?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

 $0 \le X \le 0$

- ক) ''ঘরের চতুঃসীমায় যে ব্যবস্থাটুকুর মধ্যে বিমলের জীবন বাসা বেঁধে ছিল, ঘরের বাইরে এসে হঠাৎ সে ব্যবস্থায় কুলোচ্ছে না।''— নিখিলেশের এই উক্তি 'ঘরেবাইরে' উপন্যাসের নামকরণে কতটা সুপ্রযুক্ত হয়েছে তা আলোচনা করো।
- থ) 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে শ্রীকান্ত ও ইন্দ্রনাথের বৈচিত্র্যময় সম্পর্ক সম্বন্ধে আলোচনা করো।
- গ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে পদ্মার গুরুত্ব বিশ্লেষণ করো।
- ঘ) 'ধাত্রীদেবতা' উপন্যাসের শ্রেণি বিচার করো।

Bankura University

BA 5th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: নাট্যসাহিত্য

Course ID: 50117 Course Code: AHBNG-504-DSE-2

সম্মা ২ ঘন্টা পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

o $Z = \mathcal{Y} \times \mathcal{E}$

- ক) 'শর্মিষ্ঠা' নাটকটি মধুসূদন দত্ত কাদের উৎসর্গ করেছিলেন ?
- থ) 'শর্মিষ্ঠা' নাটকটিতে ক'টি অঙ্ক ও ক'টি গর্ভাঙ্ক রয়েছে ?
- গ) 'নুরজাহান' নাটকটি কত সালে রচিত হয়েছিল ? এই নাটকের দুটি ঐতিহাসিক পুরুষ চরিত্রের নাম লেখো।
- ঘ) নুরজাহানের আসল নাম কী ? তার কন্যার নাম কী ছিল ?
- ঙ) 'নবান্ন' নাটকের প্রথম অভিন্য কবে কোন মঞ্চে হয়েছিল?
- চ) 'নবান্ন' নাটকের প্রথম অভিনয় রজনীতে বিজন ভট্টাচার্য ও শম্ভু মিত্র কোন কোন চরিত্রে অভিনয় করেছিলেন?
- ছ) 'ব্যারিকেড' নাটকের দুটি অপ্রধান চরিত্রের নাম উল্লেখ করো।
- জ) 'ব্যারিকেড' কথাটির অর্থ কী ? নাটকটির প্রকাশ কাল কত ?
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

- ক) 'শর্মিষ্ঠা' নাটকের স্থগতোক্তির ব্যবহার সম্পর্কে আলোচনা করো।
- থ) 'নুরজাহান' নাটকের অপ্রধান চরিত্র হিসাবে শের থাঁ চরিত্রটি বিশ্লেষণ করো।
- গ) 'নবান্ন' নাটকের দ্বিতীয় অঙ্কের তৃতীয় দৃশ্যে প্রধান, রাধিকা ও কুঞ্জের খাবার সংগ্রহের জন্য যে হাহাকার প্রকাশ পেয়েছে তার পরিচয় দাও।
- ঘ) 'ব্যারিকেড' নাটক রচনার প্রেক্ষাপট সংক্ষেপে বর্ণনা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

 $50 \times 3 = 50$

- ক) 'শর্মিষ্ঠা' নাটকে নাট্যকার মহাভারতকে কতখানি অনুসরণ করেছেন, নাটকটি অবলম্বনে আলোচনা করো।
- থ) 'নুরজাহান' নাটককে ঐতিহাসিক নাটক বলা যায় কিনা বিচার করো।
- গ) বাংলা নাটকের ধারায় 'নবান্ন' নাটকের অভিনবত্ব আলোচনা করো।
- ঘ) 'ব্যারিকেড' নাটকের গোত্র বিচার করো।